(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষি মন্ত্রণালয়

কৃষি বিপণন অধিদপ্তর

আইসিটি শাখা

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত ৩য় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | ওমর মোঃ ইমরুল মহসিন<br>পরিচালক |
| সভার তারিখ | ০৫-১২-২০২২ খ্রি. সোমবার |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | সম্মেলন কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর। |
| উপস্থিতি | সংযুক্ত |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। কৃষি বিপণন অধিদপ্তরের সহকারী পরিচালক (আইসিটি) ও ইনোভেশন টীমের সদস্য-সচিব জনাব মোঃ বায়েজীদ বোস্তামী সভাপতির অনুমতিক্রমে ২০২২-২০২৩ অর্থ বছরে কৃষি বিপণন অধিদপ্তরের মাঠ ও প্রধান কার্যালয় হতে প্রাপ্ত উদ্ভাবনী ধারণার তথ্যাদি উপস্থাপন করেন । তিনি জানান ২০২২-২০২৩ অর্থ বছরে সেবা সহজীকরণ কিংবা সেবা ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের বাধ্যবাধকতা আছে। সভায় প্রতিটি আইডিয়ার উপর বিস্তারিত পর্যালোচনা করা হয়। ২০২২-২০২৩ অর্থবছরে কৃষি বিপণন অধিদপ্তরে একটি আইডিয়া ব্যাংক তৈরীর লক্ষ্যে নিম্নবর্ণিত ধারণাগুলোর সমন্বয়ে একটি আইডিয়া ব্যাংক তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আইডিয়ার নাম | মাধ্যম | আইডিয়া প্রদানকারীর নাম, পদবী, কর্মস্থল ও মোবাইল |
|---|---|---|---|
| | | | |
| ০১ | ডিজিটাইজেশনের মাধ্যমে গবেষণা ও বাজার সংযোগ শাখার সকল কার্যক্রম সহজিকরণ।<br>**ব্যাখ্যা:** মাঠ কার্যালয় হতে সকল ধরনের ম্যানুয়্যাল প্রতিবেদনের পরিবর্তে ডিজিটাল পদ্ধতিতে প্রস্তুতকরণ। এতে কৃষি বিপণন অধিদপ্তরের আভ্যন্তরীণ সেবার কাজ সহজিকরণ হবে। এতে সময় ও অর্থের সাশ্রয় হবে। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | মোঃ জাহিদুল ইসলাম<br>সহকারী পরিচালক |

| | | | |
|---|---|---|---|
| ০২ | সকল প্রকার গবেষণা ও ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের জন্য মাঠ থেকে তথ্য সংগ্রহরে নিমিত্ত একটি ডাইনামিক মোবাইল অ্যাপ প্রস্তুতকরণ।<br><br>**ব্যাখ্যা:** ডিজিটাল পদ্ধতিতে তথ্য সংগ্রহ করা হবে মোবাইল অ্যাপের মাধ্যমে। ফলে অপেক্ষাকৃত নির্ভূল ও সুশৃঙ্খল উপাত্ত পাওয়া যাবে। গবেষণা কার্যক্রম সহজতর হবে। অর্থ ও সময়ের সাশ্রয় হবে। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | মোঃ বায়েজীদ বোস্তামী<br>সহকারী পরিচালক |
| ০৩ | মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ব্যবহার করে মার্কেটের বরাদ্দ স্পেসের ভাড়া গ্রহণ এবং অনলাইন রশিদের ব্যবস্থা উন্নয়ন যাতে যাতায়াত এর পরিমাণ এবং ব্যয় হ্রাস করা সম্ভব হয়। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | মোঃ সানোয়ার হোসেন<br>সহকারী পরিচালক<br>(প্রশিক্ষণ)<br>মোবাইল: ০১৫১৫২১৪৩৪৫ |
| ০৪ | কৃষি বিপণন অধিদপ্তরের সিটিজেন চার্টারে বাজার তথ্য প্রদান এর ক্ষেত্রে ০৫ কর্মদিবসের উল্লেখ রয়েছে। সেবা গ্রহণকারীর কাছ থেকে আবেদন পাওয়ার পর ০৩ কার্যদিবসের মধ্যে চাহিত সেবাটি প্রদান করা হবে এবং ওয়েব পোর্টালের মাধ্যমে যে কোন জায়গার পণ্য মুল্য জানতে পারবে তা সহজভাবে কম্পিউটারের মাধ্যমে দেখিয়ে দেওয়া হবে। | সেবা সহজীকরণের মাধ্যমে। | জনাব মোহাম্মদ নাজমুল হক<br>কৃষি বিপণন কর্মকর্তা<br>(দাঃপ্র)<br>কৃষি বিপণন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।<br>মোবাইল:<br>০১৭১৬৫১৮৫৩৬ |
| ০৫ | কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ বিষয়ে ইউটিউব চ্যানেল চালু করে প্রক্রিয়াজাতকারী উদ্যোক্তা উন্নয়নে ভুমিকা রাখা ও প্যাকেজিং বিষয়ে দক্ষ করে তোলা। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | মোঃ আব্দুল্লাহ আল মামুন<br>সহকারী পরিচালক<br>(প্রশিক্ষণ)<br>আঞ্চলিক প্রশিক্ষণ কর্মকর্তার কার্যালয় রংপুর। |
| ০৬ | কৃষি পণ্য পরিবহণে নিযুক্ত যানবাহন সংক্রান্ত তথ্য মোবাইল অ্যাপের মাধ্যমে সরবরাহ করা। যেখানে পরিবহন সেবা প্রদানকারী বা ট্রাক /লড়ি মালিক পক্ষ রেজিষ্ট্রেশনের মাধ্যমে পরিবহণ সেবা প্রদানে সম্মতি দিবেন এবং ব্যবসায়ী ও কৃষক রেজিস্ট্রেশন করে অ্যাপের মাধ্যমে পরিবহন ভাড়া সময় ও অন্যান্য বিষয়ে একমত হয়ে সেবা গ্রহণ করবেন। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | মোঃ আব্দুল্লাহ আল মামুন<br>সহকারী পরিচালক<br>(প্রশিক্ষণ)<br>আঞ্চলিক প্রশিক্ষণ কর্মকর্তার কার্যালয় রংপুর। |
| ০৭ | নির্দিষ্ট কোর্ডের নাম্বার/হটলাইন থাকবে। উক্ত কোড নাম্বারে ফোন বা sms করলে Reply sms সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়,দিনাজপুর এর মাধ্যমে সংশ্লিষ্ট জেলার কৃষি পণ্যের পাইকারী ও খুচরা বাজার দরের তথ্য জানা যাবে। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | মোঃ হুমায়ুন কবির<br>সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দাঃপ্রাঃ)<br>সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয় দিনাজপুর। |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | নিত্য প্রয়োজনীয় পণ্যের দৈনিক পাইকারী বিক্রয় মূল্য ও যৌক্তিক খুচরা মূল্য নির্ধারণ করে জেলা কৃষি বিপণন অধিদপ্তরের ফেসবুক পেজে প্রচার করা যেতে পারে। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | মোঃ শাহ্ মোয়াজ্জেম হোসেন, কৃষি বিপণন কর্মকর্তা(দাঃপ্রাঃ) |
| ০৯ | DAM Chuadanga Whatsapps আইডির মাধ্যমেযে কোন সেবা আদান প্রদান করা তাৎক্ষণিক সম্ভব। যেমন- ব্যবসায়ীগণ কৃষি পণ্যের লাইসেন্সের টাকা চালান এর মাধ্যমে ব্যাংকে জমা দেওয়ার পর সফট কপি অত্র কার্যালয়ে প্রেরণ করলে, তাৎক্ষণিকভাবে লাইসেন্স নবায়ন করে ব্যবসায়ীগণকে সফট কপি প্রেরণ করা যাবে। হার্ড কপি অত্র অফিস থেকে সরাসরি গ্রহণ করা যাবে। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | মোহাঃ সহিদুল ইসলাম কৃষি বিপণন কর্মকর্তা(দাঃপ্রাপ্ত) চুয়াডাঙ্গা। |
| ১০ | আলু, আম এবং কাঁঠালের রপ্তানীকারকদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ। | সেবা সহজীকরণের মাধ্যমে। | ড. মোহাম্মদ রাজু আহমেদ কম্পোনেন্ট ডিরেক্টর এসএসিপি প্রকল্প |
| ১১ | নারী উদ্যোক্তাদের বিপণন সহযোগিতা প্রদানের লক্ষ্যে আলাদা সেবা ডেস্ক গঠন। | সেবা সহজীকরণের মাধ্যমে | মোঃ আলমগীর হোসেন কৃষি বিপণন কর্মকর্তা (দাঃপ্রাঃ) ০১৫৫৩-৩০০৭৫০ |
| ১২ | সেন্সর প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষি বিপণন অধিদপ্তরের বিদ্যুৎ ব্যয় হ্রাসকরণ। | সেবা ডিজিটালাইজেশন এর মাধ্যমে। | ওমর মোঃ ইমরুল মহসিন পরিচালক (যুগ্মসচিব) (পরিকল্পনা ও আইসিটি) কৃষি বিপণন অধিদপ্তর। dir.ict@dam.gov.bd |

আইডিয়া ব্যাংক এ বর্ণিত আইডিয়াসমূহ মহাপরিচালক বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। আইডিয়া ব্যাংক এর মধ্য হতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে ২০২২-২০২৩ অর্থবছরের উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা হবে।

এছাড়া ডিসেম্বর-২০২২ মাসে ওয়েবপোর্টাল বিষয়ক একটি প্রশিক্ষণ অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীগণের সমন্বয়ে আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

ওমর মোঃ ইমরুল মহসিন
পরিচালক

স্মারক নম্বর: ১২.০২.০০০০.০১৭.০৫.০০১.২২.১৭২

তারিখ: ৩ পৌষ ১৪২৯
১৮ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (প্রশাসন, হিসাব, ফিল্ড সার্ভিস এবং প্রশিক্ষণ ও সমন্বয় উইং), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২) পরিচালক, পরিচালক (বাজার সংযোগ, গবেষণা, রপ্তানী উন্নয়ন এবং এগ্রিবিজনেস উইং), কৃষি বিপণন অধিদপ্তর
৩) কম্পোনেন্ট ডাইরেক্টর, এসএসিপি প্রকল্প, কৃষি বিপণন অধিদপ্তর।
৪) সহকারী পরিচালক (গবেষণা-৩), গবেষণা শাখা-৩, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৫) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, কৃষি বিপণন অধিদপ্তর
৬) সহকারী পরিচালক, নীতি ও পরিকল্পনা শাখা, কৃষি বিপণন অধিদপ্তর
৭) প্রশাসনিক কর্মকর্তা, মহাপরিচালকের দপ্তর, কৃষি বিপণন অধিদপ্তর। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

মোঃ বায়েজীদ বোস্তামী
সহকারী পরিচালক (সিস্টেম এ্যাডমিন)